গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ক্রীড়া অফিসারের কার্যালয়
বগুড়া।
www.sports.bogra.gov.bd

## নোটিশ

স্মারক নং-৩৪.০২.৫০১০.০৫৩.২৫.০০৩.২৬-৩৭ তারিখ: ১৬ এপ্রিল,২০২৬ খ্রি.

বিষয়ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় অধীন ক্রীড়া পরিদপ্তরের "নতুন কুঁড়ি স্পোর্টস" কর্মসূচি প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকারের পরিকল্পনার অংশ হিসেবে তৃণমূল পর্যায়ের ১২-১৪ (*জন্ম তারিখ: ০১ মে ২০১২ থেকে ০২ মে ২০১৪ এর মধ্যে জন্ম গ্রহণকারী*) বছর বয়সী শিশু-কিশোরদের মধ্য থেকে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন ক্রীড়া পরিদপ্তর কর্তৃক 'নতুন কুড়ি স্পোর্টস' নামে কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বিষয়টি প্রচারের জন্য আপনার নোটিশ বোর্ডে সংযুক্ত করার জন্য অনুরোধ করা হলো।

**নতুন কুঁড়ি স্পোর্টস প্রতিভা অন্বেষণ:**

জনপ্রিয় ০৮ টি ইভেন্টে অংশগ্রহণের মাধ্যমে তৃণমূল পর্যায়ে শিশু-কিশোরদের সুপ্ত প্রতিভা খুঁজে বের করে রাষ্ট্রীয় স্বীকৃতির সুযোগ ঃ
১। ফুটবল ২। ক্রিকেট ৩। কাবাডি ৪। অ্যাথলেটিক্স ৫। ব্যাডমিন্টন ৬। দাঁবা ৭। মার্শাল আর্ট ৮। সাঁতার।

**আবেদনের নিয়মাবলী ও সুযোগ সুবিধা ঃ**

১। ১২-১৪ বছর বয়সী ছাত্র-ছাত্রীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করিতে পারবে। বয়স প্রমাণের জন্য অনলাইন ভেরিফাইড জন্মনিবন্ধন সনদ বাধ্যতামূলক।
২। একজন খেলোয়াড় সর্বোচ্চ ০২ টি ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে। তবে দলগত ইভেন্টের ক্ষেত্রে নির্দিষ্ট নিয়মাবলী প্রযোজ্য হবে।
৩। আবেদনের জন্য জন্মনিবন্ধন সনদ, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র, পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি এবং অভিভাবকের সম্মতিপত্র প্রয়োজন হবে।
৪। প্রতিযোগিতাটি মোট ০৪ টি পর্যায়ে অনুষ্ঠিত হবে । যথা- ক) উপজেলা পর্যায় খ) জেলা পর্যায় গ) আঞ্চলিক পর্যায় ঘ) জাতীয় পর্যায়।
৫। বিজয়ীদের জন্য মেডেল, ট্রফি এবং সনদপত্র থাকবে। এছাড়াও জাতীয় পর্যায়ের প্রতিভাবান খেলোয়াড়দের বিকেএসপিতে দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ এবং ভর্তির সুযোগ প্রদান করা হবে।
৬। নিবন্ধিত খেলোয়াড় দ্বারা স্ব-স্ব উপজেলা দল গঠিত হয়ে জেলা পর্যায়ে অংশগ্রহণ করবে।

আবেদনের তারিখ ঃ ***১২ এপ্রিল থেকে ২৫ এপ্রিল পর্যন্ত।***
ওয়েব সাইটের ঠিকানা ঃ ***https://notunkurisports.gov.bd***

স্বাক্ষরিত/-
( মোঃ আকরাম হোসাইন)
জেলা ক্রীড়া অফিসার, বগুড়া
ও
সদস্য সচিব
নতুন কুঁড়ি স্পোর্টস জেলা কমিটি, বগুড়া।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
০২। জেলা প্রশাসক, বগুড়া।
০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া।
০৪। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া।
০৫। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
০৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া।
০৭। অফিস নথি।

১৬/০৪/২৬
(মোঃ আকরাম হোসাইন)
জেলা ক্রীড়া অফিসার
বগুড়া।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, বগুড়া।

স্মারক নং- ৩৭.০২.১০০০.০০০.১৮.০০১.২৬/৪৮৭

তারিখ: ১৯/০৪/২০২৬

০১। জেলা ক্রীড়া অফিসার, বগুড়া।

০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), বগুড়া। তাঁকে উপরোক্ত পত্রের মর্মানুযায়ী পত্রটি শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ পুর্বক জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

০৩। দপ্তর নথি।

১৯/০৪/২৬
(মোঃ রমজান আলী আকন্দ)
জেলা শিক্ষা অফিসার
বগুড়া।
১৯/০৪/২৬